দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মান্দায় সুপারিন্টেন্ডেন্টকে নির্যাতনের অভিযোগ, অফিস কক্ষে তালা

■ মান্দা (নওগাঁ) সংবাদদাতা

মান্দা উপজেলায় গত মঙ্গলবার দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদ্রাসায় সদ্য নিয়োগপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট নির্যাতনের শিকার হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

সুপারিন্টেন্ডেন্ট আব্দুল মান্নান জানান, গত বছরের ৯ সেপ্টেম্বর জাতীয় দৈনিক যায় যায় দিন ও সানসাইন পত্রিকায় বিজ্ঞপ্তি দেখে দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদ্রাসায় সুপারিন্টেন্ডেন্ট-এর শূন্য পদে আবেদন করি।

আবেদনের প্রেক্ষিতে গত বছরের ২৫ ডিসেম্বর উক্ত মাদ্রাসায় লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে প্রথম স্থানে কৃতকার্য হই। পরে নিয়োগ নির্বাচনী বোর্ডের সুপারিশের ভিত্তিতে বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গত ১৮ জানুয়ারি সুপারিন্টেন্ডেন্ট পদে তাকে নিয়োগ দেয়। এ প্রেক্ষিতে গত ৯ ফেব্রুয়ারি সকাল ১০টায় মাদ্রাসার হাজিরা খাতায় স্বাক্ষর করতে গেলে কিছু শিক্ষক নিয়োগের বৈধতা নেই বলে তাকে মাদ্রাসা থেকে বের করে দেয়ার চেষ্টা করে। পরে অফিসের কাগজপত্র ও আসবাবপত্রের নিরাপত্তার জন্য প্রতিষ্ঠান ছুটির পর তালা বন্ধ করে দেয়া হয়। এরপর রাতে কে বা কারা মাদ্রাসার অফিসকক্ষে আরেকটি তালা ঝুলিয়ে দেয়।

উপজেলা নির্বাহী অফিসার সাইফুর রহমান খান ও শিক্ষা অফিসার আব্দুস ছালাম জানান, নিয়োগ বৈধ হওয়ার পরও কতিপয় ব্যক্তি উক্ত প্রতিষ্ঠানকে নিয়ে টানাহেঁচড়া করার চেষ্টা করছে।